

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা
পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.parjatan.gov.bd

নম্বর: ৩০.৩২.০২৩.২০.০১.০০৫.২০২১/৮১০


তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

নোটিশ

আগামী ১৮ অক্টোবর ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল-এর ৬০তম জন্মদিবস উপলক্ষে বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক শিশুদের (৩য় থেকে ৫ম শ্রেণি) অংশগ্রহণে একটি চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত চিত্রাংকন প্রতিযোগিতায় বাপক-এর কর্মকর্তা/কর্মচারীগণের সন্তানদেরকে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। প্রতিযোগিতার নিয়মাবলী ও বিস্তারিত তথ্য নিম্নরূপ:

চিত্রাংকনের বিষয়: আমার ভাবনায় শেখ রাসেল।

১. প্রতিযোগীর যোগ্যতা: ৩য় শ্রেণি হতে ৫ম শ্রেণির শিক্ষার্থী;
২. প্রতিযোগিতার স্থান: শৈলপ্রপাত মিলনায়তন, ২য় তলা, পর্যটন ভবন, আগারগাঁও;
৩. প্রতিযোগিতার তারিখ: ১৬ অক্টোবর, ২০২৩ সকাল ১০ টা হতে ১১ টা
প্রতিযোগীকে অবশ্যই সকাল ৯:৩০ মিনিটে পর্যটন ভবনে উপস্থিত হতে হবে এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;
৪. প্রতিযোগী ও তাদের অভিভাবক/শিক্ষকবৃন্দকে পর্যটন ভবনের ১ম তলায় রিসেপশনে এসে যোগাযোগ করতে হবে;
৫. চিত্রাংকনের জন্য বাংলাদেশ পর্যটন করপোরেশনের পক্ষ হতে নির্দিষ্ট মাপের আর্ট পেপার সরবরাহ করা হবে। তবে চিত্রাংকনের আনুষঙ্গিক উপকরণ প্রতিযোগীকে অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।


(রাকিবুল হাসান)
উপব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. পরিচালক (প্রশাসন/অর্থ/বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা
২. মহাব্যবস্থাপক ----- (সকল), বাপক, ঢাকা
৩. অধ্যক্ষ, এনএইচটিআই, বাপক, মহাখালী, ঢাকা
৪. বিভাগীয় প্রধান / ব্যবস্থাপক ----- (সকল), বাপক
৫. ব্যবস্থাপক (আইসিটি), বাপক, ঢাকা- ওয়েবসাইটে প্রকাশের জন্য
৬. চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য
৭. অফিস কপি।

অধীনস্থ কর্মকর্তা/ কর্মচারীদের
অবহিত করার জন্য অনুরোধ
জানানো হলো।